# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 18-05-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১। পঞ্চম পর্যায়ে আগামী ২০ শে মে দেশের ৪৯ টি আসনে অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের জন্য প্রচার অভিযানের আজ সমাপ্তি ।

২। একাদশ শ্রেণির নাম ভর্তি প্রক্রিয়া সম্পর্কে আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদের একটি বিজ্ঞপ্তি ।

৩। শিলচর শিলংপট্টির একটি বহুতল ভবনে আজ অগ্নিকান্ডের ঘটনা সংঘটিত ।

এবং

৪। আগামীকাল ১৯ শে মে একাদশ ভাষা শহীদদের শ্রদ্ধা জানাতে বরাক উপত্যকার বিভিন্ন দল সংগঠনের নানা কার্যসূচীর আয়োজন ।

-----------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের পঞ্চম পর্যায়ের প্রচার অভিযানের আজ বিকেলে সমাপ্তি হয়েছে ।এই পর্যায়ে আগামী ২০ শে মে ৪৯ টি আসনের জন্য ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে ।

এদিকে দেশের বিভিন্ন স্থানে ষষ্ঠ ও সপ্তম পর্যায়ের নির্বাচনের প্রচার অভিযান অব্যাহত রয়েছে । ষষ্ঠ পর্যায়ে আগামী ২৫ শে মে এবং সপ্তম পর্যায়ে আগামী পয়লা জুন ৫৭ টি করে আসনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে ।

বি জে পির প্রবীণ নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ হরিয়ানার আম্বালায় এন ডি এর এক নির্বাচনী সভায় ভাষণ প্রসঙ্গে এবারের নির্বাচনে বি জে পি রেকর্ড সংখ্যক আসানে জয়ী হবে বলে আস্থা প্রকাশ করেন ।

এদিকে কংগ্রেস দলের জাতীয় সভাপতি মল্লিকার্জুন খাড়গে আজ মুম্বইয়ে এক সাংবাদিক সম্মেলনে বলেন যে আই এন ডি মিত্রজোট সরকার গঠন করতে সমর্থ হলে জি এস টির পরিবর্তে একটি সরল ও একক মূল্যযুক্ত কর ব্যাবস্থা সকলের জন্য প্রযোজ্য করা হবে । এন সি পি সভাপতি শরদ পাওয়ার এবং শিবসেনা সবাপতি উদ্ভব ঠাকরেও এই সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন ।

উল্লেখ্য আম আদমী পার্টীর আহ্বায়ক তথা দিল্লীর মূখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালও গতকাল মুম্বইয়ে আই এন ডি আই মিত্র জোটের সমর্থনে আয়োজিত জনসভায় অংশগ্রহণ করেন ।

এদিকে বি জে পির প্রবীণ নেতা তথা কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ আজ ঝাঁসীতে এক নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন । এরপর শ্রী

শাহ আজ আমেথিতে এন ডি এ প্রার্থী স্মৃতি ইরানীর হয়ে একটি রোড শোয়ে অংশগ্রহণ করেন ।
এদিকে বি জে পির প্রবীণ নেতা রাজনাথ সিংও আজ উত্তরপ্রদেশে নির্বাচনী প্রচারে অংশগ্রহণ করে বিজেপি নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারের উন্নয়নমূলক কার্যকলাপগুলি বিশ্বব্যাপী অর্থনীতিবিদ ও আর্থিক প্রতিষ্ঠানগুলির সমাদর লাভ করেছে বলে মন্তব্য করেন ।

-----------------------------------------------------------------

আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদ একাদশ শ্রেনীর নামভর্তী প্রক্রিয়া অব্যাহত থাকার পরিপ্রেক্ষিতে একটি গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি জারী করেছে । এই অনুসারে শিক্ষা পরিষদ ২০২৪-২৫ শিক্ষাবর্ষের জন্য একাদশ শ্রেনীর নামভর্তী প্রক্রিয়া নির্দিষ্ট দর্পন পোর্টালের মাধ্যমে সম্পন্ন করতে ছাত্র-ছাত্রী এবং অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়েছে । উল্লেখ্য যে দর্পন পোর্টালে পঞ্জীয়নভুক্ত না করা কিছু কিছু শিক্ষাপ্রতিষ্ঠান নিজ নিজ ভাবে অফ-লাইনের মাধ্যমে নামভর্তী প্রক্রিয়া চলিয়ে যাওয়ার ঘটনা দৃষ্টিগোচর হওয়ার পর পরিষদ ছাত্র - ছাত্রী এবং অভিভাবকদের সচেতন করে তোলার উদ্দেশ্যে এই বিজ্ঞপ্তি জারী করেছে । অফ-লাইন প্রক্রিয়ায় নাম ভর্তী করা পরিষদের সিদ্ধান্তের পরিপন্থী এবং এই ব্যবস্থার মাধ্যমে সম্পন্ন করা ছাত্র - ছাত্রীদের পরিষদ পঞ্জীয়নের অধীনে নেবে না বলেই সতর্ক করে দিয়েছে ।

-----------------------------------------------------------------

উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের উত্তর পত্র পুনরায়-পরীক্ষার জন্য পরিক্ষার্থীরা অন-লাইনের মাধ্যমে আবাদন জানাতে পারবে । এই সম্পর্কে উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদের জারী করা একটি অধিসূচনা অনুসারে উত্তর পত্র পুনরায়-পরীক্ষা করতে চাওয়া পরীক্ষার্থীরা আগামী ২২ মে বিকেল ৫টো পর্যন্ত ahsrc.assam.gov.in এ অন-লাইনের মাধ্যমে আবেদন করতে পারবে । এর জন্য পরীক্ষার্থীদের অন-লাইনের মাধ্যমেই মাশুল জমা দিতে হবে ।

---

আজ বেলা প্রায় সাড়ে এগারোটায় শিলচর শিলংপট্টির ছোটেলাল শেঠ ইন্সটিইটিউটের বিপরীতের একটি বহুতল ভবনের উপরতলায় আচমকা একটি অগ্নিকান্ডের ঘটনা সংঘটিত হয় । চারতলার ওই বহুতল ভবনটিতে একটি কম্পিউটার শিক্ষা প্রতিষ্ঠানের ক্লাস চলাকালীন এই দুর্ঘটনা সংঘটিত হয় । মূহুর্তের মধ্যেই চারতলার ওই গোটা ফ্লোরটিতে আগুন ছড়িয়ে পড়ে , ফলে নিজেদের সুরক্ষিত করতে ছাত্র-ছাত্রীদের মধ্যে দৌড়ঝাঁপ শুরু হলে জনৈক ছাত্রী আহত হয় বলে জানা গেছে । পরে তাকে চিকিৎসার জন্য শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে যাওয়া হয় । অন্য এক সূত্রে জানা গেছে যে আগুন লাগার সময় ওই ইন্সটিইটিউটের এক পাশে আগামীকালের শহিদ দিবস উপলক্ষে একটি অনুষ্ঠানও চলছিল ।

এদিকে আগুন লাগার কিছুক্ষণের মধ্যেই অগ্নিনির্বাপক বাহিনী ঘটনাস্থলে উপস্থিত হয় , ততক্ষণে আগুন প্রায় অনেকটা ছড়িয়ে পড়ে । প্রায় পাঁচ ছয়টি দমকল বেশ কিছুক্ষণ চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রনে আনতে সক্ষম হয় । ওই বহুতল ভবণটিতে ব্যাঙ্ক অব বরোদার শিলচর শাখাও রয়েছে । ক্ষয়ক্ষতির পরিমান এবং আগুন লাগার সঠিক কারণ এখনও জানা যায় নি ।

---

বরাক উপত্যকার তিন জেলায় আগামীকাল ১৯ শে মে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের উদ্দেশ্যে উপত্যকা জুড়ে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয়েছে । এরই অঙ্গ হিসেবে

১৯৬১'র ভাষা আন্দোলনের ৬৩ তম বার্ষিকী উপলক্ষে বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির পক্ষ থেকে আজ বরাক উপত্যকার বহমান ভাষা আন্দোলনের সেনানীদের সম্মাননা জ্ঞাপন করা হয়েছে । উনিশের আবাহনের এবছরের সম্মাননা প্রাপকদের মধ্যে রয়েছেন- সন্তোষ মজুমদার (হাইলাকান্দি), চিত্রা দত্ত (শিলচর), মালতী নন্দী (বড়খলা), অধ্যাপক কমলেন্দু ভট্টাচার্য (শিলচর), নবেন্দু শেখর নাথ (কাটিগড়া) এবং দিলীপ কান্তি লস্কর (করিমগঞ্জ) । একইসঙ্গে আলোচনা সভারও আয়োজন করা হয়েছে । এতে আলোচক হিসেবে ছিলেন- বাংলাদেশের টাঙ্গাইলের

মেজর জেনারেল মাহমুদুল হাসান ডিগ্রি কলেজের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ও ছায়ানীড়ের নির্বাহী পরিচালক লুৎফুর রহমান এবং আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক শান্তনু সরকার ।

এদিকে আগামীকাল ১৯শে মে ভাষা শহিদ দিবসের সকালে শিলচর রেল স্টেশন, শ্মশান ঘাট এবং বঙ্গভবন প্রাঙ্গণে শ্রদ্ধা জ্ঞাপন করা হবে। পরে এদিন দুপুর দুটো থেকে গান্ধীবাগে শহিদ মিনার সংলগ্ন মুক্তমঞ্চে উনিশের কবিতা পাঠ, আবৃত্তি, সঙ্গীত, নৃত্য, চিত্রকলা প্রদর্শনী এবং কথামালা ব্যবস্থাপনায় থাকবে বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের শিলচর শহর আঞ্চলিক সমিতি ।

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের করিমগঞ্জ শহর আঞ্চলিক সমিতি আগামীকাল ১৯ শে মে দিনটি পালনের প্রস্তুতি সম্পন্ন করেছে । আগামীকাল সকাল আটটায় শম্ভুসাগর পার্কের শহীদ বেদীতে মাল্যদান ও শ্রদ্ধাঞ্জলী নিবেদন করা সহ আলোচনা অনুষ্ঠিত হবে । সকাল সাড়ে ৯ টা থেকে শুরু হবে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার সাংস্কৃতিক অনুষ্ঠান ।

হাইলাকান্দি জেলায়ও বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে আগামীকাল ভাষা শহীদদের স্মরণ করা হবে ।এ উপলক্ষ্যে বরাক উপত্যকা ও বঙ্গ সাহিত্য সম্মেলন হাইলাকান্দি জেলা সমিতি এবং হাইলাকান্দি পৌরসভা বেশ কয়েকটি কার্যসূচী গ্রহণ করেছে ।সে অনুসারে সকাল ৯ টায় শহরের ভাষা শহীদ স্মারক স্থলে মাল্যদানের পর শোভাযাত্রা ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে । অন্যদিকে হাইলাকান্দির সাংস্কৃতিক সংগঠন দ্য ড্রিমস আগামীকাল আলোচনা সভা ,সাংস্কৃতিক অনুষ্ঠান ও মশাল মিছিলের মাধ্যমে একাদশ ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করবে ।

---

শিলচর জেলা বার এসোসিয়েশনের সার্ধশতবর্ষ পূর্তি উপলক্ষ্যে বছরব্যাপী কার্যসূচীর অঙ্গ হিসেবে আজ বার লাইব্রেরীতে স্বেচ্ছায় রক্তদান শিবির অনুষ্ঠিত হয় । শিলচর সিভিল হাসপাতাল আধুনিকীকরণ দাবি কমিটি,স্মাইল ইত্যাদি সংগঠনের সহযোগীতায় এই রক্তদান শিবির অনুষ্ঠিত হয় । শিবির চলাকলীন

রক্তদানের প্রয়োজনীয়তা ও দাতার উপকারীতা প্রসঙ্গে বক্তব্য রাখেন আশু পাল ,কমল চক্রবর্তী ও সুরজিৎ সোম । ধন্যবাদসূচক বক্তব্য রাখেন শিলচর জেলা বার এসোসিয়েশনের সভাপতি দুলাল মিত্র এবং সম্পাদক নীলাদ্রী রায় । উল্লেখ্য শিলচর জেলা বার এসোসিয়েশন আয়োজিত এই রক্তদান শিবিরে মোট ৩১ জন ব্যাক্তি রক্তদান করেন । আইনজীবি ছাড়াও এডভোকেট ক্লার্ক সহ বাইরের দুজন ব্যাক্তি এই শিবিরে রক্তদান করেন ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ পুলিশ ওই জেলায় গতকাল নেশা বিরোধী অভিযান চালিয়ে গোপন সূত্রের ভিত্তিতে গতকাল গভীর রাতে পাথারকান্দি পুলিশ কাবাডিবন্দ এলাকা থেকে ২৯টি সাবানের বাক্স থেকে ৩৫০ গ্রাম হেরোইন উদ্ধার করতে সক্ষম হয়েছে । পুলিশ এই ঘটনার সঙ্গে যুক্ত দুই পাচারকারী আলবার হুসেইন এবং সুলতান আহমেদকে গ্রেপ্তার করেছে । পাচারকারীরা নিষিদ্ধ মাদকদ্রব্য গুলো মিজোরাম থেকে সংগ্রহ করে বাংলাদেশে পাচার করার উদ্দেশ্যে নিয়ে যাচ্ছিল বলে জানানো হয়েছে । পুলিশ আজ অভিযুক্তদের আদালতে হাজির করেছিল ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা আয়ুক্তের কার্যালয়ের কর্মচারী সৌমেন ঘোষ আজ শিলচর মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসারত অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন ।বয়স হয়েছিলো ৪১ ।আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে গতকাল রাতে শহরের কলেজ রোডে একটি ই-রিক্সা সৌমেনকে সজোরে ধাক্কা দিলে গুরুতর আহত অবস্থায় তাকে শিলচর মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে আসা হয় । সেখানে চিকিৎসারত অবস্থায় আজ সকালে তাঁর মৃত্যু হয় । তাঁর মৃতদেহ হাইলাকান্দির জেলা আয়ুক্তের কার্যালয়ে নিয়ে আসার পর জেলার শীর্ষ আধিকারিক তথা অন্যান্য সরকারী কর্মচারীরা শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন ।

---------------------------------------------------------------------------

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ আসাম ,নাগালেন্ড, মণিপুর ,সিকিম ,অরুনাচলপ্রদেশ ও মেঘালয়ের কিছু কিছু স্থানে সোমবার পর্যন্ত বৃষ্টিপাত

হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে । সেইসঙ্গে বিভাগটি দক্ষিণাঞ্চলে ২৩ মে পর্যন্ত অবিরাম বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে ।

---------------------------------------------------------------------